

সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড

তারিখ: ১০ই মার্চ ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড এর ৫ তম বার্ষিক সাধারণ সভা :

১০ই মার্চ ২০২৪ তারিখে সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ লিমিটেড (সিসিবিএল) এর ৫ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সিসিবিএল এর চেয়ারম্যান মেজর জেনারেল মোঃ ওয়াহিদ-উজ-জামান, এসবিপি, বিএসপি (বার), এনডিসি, এওডব্লিউসি, পিএসসি, টি (অবসরপ্রাপ্ত)। সিসিবিএল এর পরিচালক জনাব এ.কে.এম নূরুল ফজল বুলবুল পবিত্র কোরআন তেলাওয়াত ও চেয়ারম্যান মহোদয়ের প্রারম্ভিক বক্তব্যের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়।

উক্ত সভায় কোম্পানীর ২০২২-২৩ এর আর্থিক বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। এছাড়াও পরিচালনা পর্ষদের সুপারিশকৃত ৫ (পাঁচ) শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং পরবর্তী অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিতোষিক নির্ধারণ করা হয়।

কোম্পানী আইনের বিধান অনুযায়ী, উক্ত সভায় কোম্পানীর নাম পরিবর্তন করে "সেন্ট্রাল কাউন্টারপার্টি বাংলাদেশ পিএলসি." করার অনুমোদন দেয়া হয়।

সভায় সিসিবিএল এর পরিচালক মন্ডলীর সদস্যবৃন্দ এবং শেয়ার হোল্ডারদের প্রতিনিধি উপস্থিত ছিলেন।



অনন্ত কুমার সরকার
কোম্পানী সেক্রেটারী, সিসিবিএল

Central Counterparty Bangladesh Limited

DSE Tower (L-5), Plot#46, Road#21, Nikunja-2, Dhaka-1229, www.ccbi.com.bd, info@ccbl.com.bd, IPPBX: +88-09678-364364

